



শেখ হাসিনার
উদ্যোগ
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ
ISO 9001:2015 Certified



নিলাম বিজ্ঞপ্তি

নিম্নের বর্ণনা অনুযায়ী সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১-এর নিম্নবর্ণিত সাবমেরিন ক্যাবলের স্টিলের খালি ড্রাম (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ ঠিকাদারগণের নিকট হতে নিলাম দরপত্রের সিডিউল সীলগালাযুক্ত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং (১)	মালামালের বিবরণ (২)	পরিমাণ (৩)	নিলাম দরপত্র দলিলের মূল্য (৪)	দরপত্র জামানত (৫)	দরপত্র ক্রয়, দাখিল ও উন্মুক্তকরণের স্থান (৬)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী (৭)	দরপত্র গ্রহণের সময়সূচী (৮)	দরপত্র খোলার সময়সূচী (৯)
০১	সাবমেরিন ক্যাবলের স্টিলের খালি ড্রাম (যেখানে যে অবস্থায় আছে)	৮০০০ কেজি (০৬ টি ড্রাম)	৫০০.০০ টাকা	দাখিলকৃত মূল্যের ২৫%	(১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ/অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯। (২) সিরাজগঞ্জ পবিস-১ এর সদর দপ্তর, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।	তারিখঃ ১৮/০৫/২৩ খ্রিঃ হতে ৩১/০৫/২৩ খ্রিঃ পর্যন্ত (অফিস চলাকালীন সময়)	তারিখঃ ০১/০৬/২৩ খ্রিঃ রোজ সোমবার। দুপুর ১১:৩০ ঘটিকা পর্যন্ত।	তারিখঃ ০১/০৬/২৩ খ্রিঃ রোজ সোমবার। দুপুর ১১:৩৫ ঘটিকায়।

নিলাম সংক্রান্ত বিজ্ঞপ্তি এর শর্তাবলী :

- ০১। আগ্রহী দরদাতাগণ সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ০৪ নং কলামে বর্ণিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ উল্লেখিত সময়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে সিরাজগঞ্জ পবিস-১ এর সদর দপ্তর, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ারযোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০২। আগামী ০১/০৬/২০২৩ তারিখ দুপুর ১১.৩০ টার মধ্যে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নিলাম দরপত্র একইদিন অর্থাৎ ০১/০৬/২০২৩ তারিখ দুপুর ১১:৩৫ ঘটিকার সময় পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার সার্ভিসযোগে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৩। নিলাম দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত একক দর ও উদ্ধৃত মোট দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে। মোট উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। নিলাম বিজ্ঞপ্তির মালামালের ক্ষেত্রে সমিতি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন একক মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
- ০৪। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সাবমেরিন ক্যাবলের স্টিলের খালি ড্রাম ক্রয়ের নিলাম দরপত্র” কথাটি লিখতে হবে। দরপত্রে কোন কাটা ছেঁড়া / ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ০৫। নিলাম দরদাতাকে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ নিরাপত্তা জামানত হিসেবে “সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১” এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য বিবেচনা করা হবে না। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতার প্রদত্ত দর গ্রহণ করা হবে।
- ০৬। কৃতকার্য নিলাম দর দাতাকে নিলাম দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/ কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ পে অর্ডার/ ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৭। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর আলাদাভাবে জমা প্রদান করতে হবে (সরকার কর্তৃক আয়কর ও ভ্যাট পরিবর্তন হলে তা পরিশোধ যোগ্য হবে)। অকৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।
- ০৮। আগ্রহী দরদাতাগণ মালামালসমূহ ৩১/০৫/২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে উপস্থিত হয়ে কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক তা পরিদর্শন করতে পারবেন।
- ০৯। “সমিতির সদর দপ্তরে সংরক্ষিত সাবমেরিন ক্যাবলের স্টিলের খালি ড্রাম (যেখানে যে অবস্থায় আছে)” সমূহ অপসারণের সময় সমিতির বা অন্য কোন স্থানের কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/ প্রতিস্থাপন করে দিতে হবে।
- ১০। উল্লিখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১২। আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট www.pbs1.sirajganj.gov.bd এ দেখতে পারবেন।

মোবাইলঃ- ০২৭৬৯-৪০০০৭৪

ইমেইলঃ-sirajpbs@yahoo.com

ওয়েব সাইটঃ- www.pbs1.sirajganj.gov.bd

আবু আশরাফ মোঃ ছালেহ
সিনিয়র জেনারেল ম্যানেজার